

চাঁদাবাজদের হুশিয়ারি নতুন নেতৃত্বের

নিজস্ব প্রতিবেদক

১৬ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৫ সেপ্টেম্বর ২০১৯ ২৩:৫৮



সংগঠনের কেউ চাঁদাবাজিসহ অপকর্মে জড়ালে তার বিরুদ্ধে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আল নাহিয়ান খান জয়। তিনি বলেন, ছাত্রলীগ কোনো অন্যায় ও চাঁদাবাজিকে প্রশ্রয় দেয় না। আমরা সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেব। গতকাল রবিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। এ সময় জয়ের পাশেই উপস্থিত ছিলেন সংগঠনটির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য।

নিজেদের বেলায় দুর্নীতি হবে কিনা এমন প্রশ্নে জয়

বলেন, আমি হল শাখার দায়িত্ব পালন করেছি। চেষ্টা করি আমাদের গায়ে কোনো কালিমা যেন না লাগে। আমরা দেশরত্নের আস্থার জায়গাটা অবশ্যই রাখব, সে অনুযায়ী কাজ করব।

এদিকে গতকাল সকাল থেকেই ছাত্রলীগের নতুন নেতৃত্বকে বরণ করে নিতে শত শত নেতাকর্মী জড়ো হয়েছিলেন মধুর ক্যান্টিনে। এতে দীর্ঘদিন পর যেন প্রাণ ফিরে পায় মধুর ক্যান্টিন। ছাত্রলীগের সদ্য অপসারিত কেন্দ্রীয় সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে অভিযোগ ছিল। তারা মধুর ক্যান্টিনে ঠিকঠাক সময় দিতেন না। সেখানে আসতেন মাসে ১-২ দিন। এদিন নতুন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য দুপুর ১২টায় মধুর ক্যান্টিনে আসেন। এ সময় শত শত নেতাকর্মী সেখানে গান দিয়ে তাকে বরণ করে নেন। এর পর দুপুর পৌনে ১টায় আসেন ভারপ্রাপ্ত সভাপতি আল-নাহিয়ান খান জয়। তাকেও বিভিন্ন সেখানে গান দিয়ে বরণ করে নেন নেতাকর্মীরা।

সংবাদ সম্মেলনে জয় আরও বলেন, ধানমন্ডি-র ৩২ নম্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে আগামীকাল (আজ) আনুষ্ঠানিকভাবে সংগঠনের দায়িত্ব গ্রহণ করব। একই সঙ্গে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় তারই কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করব।

ছাত্রলীগের সভাপতি-সাধারণ সম্পাদকের পদ থেকে অব্যাহতি পাওয়া শোভন-রাব্বানীর বিচার চান কিনা এমন প্রশ্নে জয় বলেন, আমরা শুধু আমাদের দায়িত্ব পালন করব। অন্য বিষয়গুলো আমাদের নীতিনির্ধারণী অভিভাবক ও আওয়ামী লীগের প্রবীণ নেতারা দেখবেন। তাদের সঙ্গে বসে আমরা সিদ্ধান্ত নেব।

পরে লেখক ভট্টাচার্য বলেন, ছাত্রলীগ নিয়ে যে সংকট বিরাজমান তা মোকাবিলার জন্যই আমরা দায়িত্ব পেয়েছি। আমরা দায়িত্বটাকে চ্যালেঞ্জ হিসেবে গ্রহণ করেছি। ১০ মাসের মধ্যে আমাদের সব কমিটি তৈরি করে সম্মেলনের মাধ্যমে সুন্দর ছাত্রলীগ উপহার দিতে পারব। আমরা সব শাখার সঙ্গে সমন্বয় করে কাজ করতে চাই। নেতাকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনাদের যদি কোনো সমস্যা থাকে, তা হলে আমাদের দরজা আপনাদের জন্য খোলা থাকবে। কোনো ধরনের লবিং-তদবিরের দরকার নেই। অভিযোগ বলুন, আমরা সুষ্ঠু সমাধান করব। আদর্শ ধারণ করে রাজনীতি করলে সবাই সঠিক মূল্যায়ন পাবে।

advertisement